চুয়াডাঙ্গা সদর হাসপাতালে মুক্তিযোদ্ধা নুরুল ইসলামকে সেবা না দেওয়া অভিযোগ

মুক্তিযোদ্ধা নুরুল ইসলামকে সেবা না দিয়ে ঘন্টার পর ঘন্টা বাইরের একটা ট্রলিতে থাকতে হয়েছে যত্রতত্র ভাবে। সকাল সাড়ে ১০ থেকে বেলা ৩ টা পর্যন্ত বাইরের একটা ট্রলিতে অবহেলীত ভাবে থাকার পর বেশকিছু সাংবাদিকের চাপের মুখে হাসপাতাল কর্তৃপক্ষ ওয়ার্ডে থাকার ব্যবস্থা করেন।

এমনই ঘটনা ঘটেছে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে। বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলামকে সঠিক সময় সেবা না দিয়ে ঘন্টার পর ঘন্টা বাইরে রেখে হাসপাতাল কর্তৃপক্ষ বীরের জাতীকে করেছে অপমান। সদর হাসপাতাল কর্তৃপক্ষ সরকারি সবধরনের মিটিংয়ে যান এবং সেখানে মুক্তিযোদ্ধাদের জন্য বেড ও কেবিনসহ সবধরনের চিকিৎসা ব্যবস্থা দেয়ার প্রতিশ্রুতি দিলেও বাস্তবে তারা সেটা করেননি।

তারা মুক্তিযোদ্ধা নুরুল ইসলামকে কেবিনতো দুরের কথা মুক্তিযোদ্ধাদের জন্য নিদ্রিষ্ট আসনটাও দেননি।

জানা গেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের বেগমপুর চীলমারি পাড়ার মৃত আশরাফ আলীর ছেলে বীর মুক্তিযোদ্ধা ও বাংলাদেশ সেনাবাহীনির নুরুল ইসলাম। বেশ কিছুদিন ধরে তিনি অসুস্থতাজনীত কারনে ভুগছেন।

গতকাল বৃহস্পতিবার তিনি বেশি অসুস্থ হলে সকাল সাড়ে ১০ টার দিকে তাকে নেয়া হয় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে। অসুস্থতাজনিত কারনে তিনি হাটাচলা পর্যন্ত করতে পারেননা। এ সময় হাসপাতালের মেডিসিন ওয়ার্ডে নিলে ডা. আবুল হোসেন তাকে দেখেন এবং হাসপাতালে ভর্তি রাখার পরামর্শ দেন।

এ সময় নুরুল ইসলামের পরিবারের পক্ষ থেকে একটা কেবিনের জন্য বলেন মহিলা ওয়ার্ডে কর্তব্যরত সিনিয়ার স্টাফ নার্সদেরকে। যেহেতু ২ নম্বার কেবিন ওই সময় খালি হয়ে যায়। তারা কেবিন দিতে চাইলেও পরবর্তীতে তারা ওই কেবিন অন্য রোগীকে দিয়ে দেন। শুধু সেটা করেই তারা থেমে থাকেনি। তারা মুক্তিযোদ্ধা নুরুল ইসলামকে বেলা ৩ টা

পর্যন্ত বাইরে রেখে দেন।

এ ঘটনা ফেসবুকসহ বিভিন্ন যোগাযোগ মাধ্যকে প্রচার হলে সেখানে উপস্থিত হয় স্থানীয় গণমাধ্যমকর্মীরা। তারা নুরুল ইসলাম ও তার পরিবারের সাথে কথা বলে বিষয়টি জানতে পারলে চুয়াডাঙ্গার সিভিল সার্জনের সাথে কলা বলার জন্য বলেন।

মুক্তিযোদ্ধা নুরুল ইসলামের পরিবারের পক্ষ থেকে সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসানের সাথে তার মোবাইল ফোনে যোগাযোগ করলে তিনি বলেন, আসলে মুক্তিযোদ্ধারা তো আর কেবিনের ভাড়া দিতে পারেন না। সে কারনে বাইরের রোগীকে কেবিন দেয়া হয়েছে। মুক্তিযোদ্ধাদের জন্য নিদ্রিষ্ট আসনটি খালি না থাকলেও সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান তার অফিসে থাকলেও একবারের জন্য হলেও মুক্তিযোদ্ধা নুরুল ইসলামের খোঁজ নিতে সেখানে যাননি বা তাৎক্ষনিক কোন ব্যবস্থা নেননি। স্থানীয় সাংবাদিকদের চাপের মুখে তিনি একটি বেডের ব্যবস্থা করে দেন।

গত ২০১৯ সালের ১৬ ডিসেম্বর চুয়াডাঙ্গার শিল্পকলা একাডেমির মঞ্চে জেলা প্রশাসনের আয়োজনে মুক্তিযোদ্ধাদের সংবর্ধণা অনুষ্ঠানে চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান তার এক বক্তব্যে বলেছিলেন, সদর হাসপাতালে মুক্তিযোদ্ধাদের জন্য থাকবে সব ধরনের সুযোগ সুবিধা। কোন মুক্তিযোদ্ধা তার নিদ্রিষ্ট আসনটি না পেলে বা ওই আসনে অন্য কোন মুক্তিযোদ্ধা থাকলে তাকে কোন সমস্যায় পড়তে হবেনা।

হাসপাতালের কোন কেবিন খালি থাকলে মুক্তিযোদ্ধারা তাদের সনদপত্রের ফটোকপি দেখালে তাকে ওই কেবিন দেয়া হবে। সিভিল সার্জনের সেদিনের সেই বক্তব্য শুধুই কি ছিলো একটা সান্তনা বক্তব্য নাকি মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের কাছ থেকে বাহবা পাওয়ার জন্য সেটা এখন প্রশ্নবিদ্ধ।

মেপ্র/আরপি

মেহেরপুরের কামদেবপুর মাধ্যমিক ও ভৈরব বালিকা বিদ্যালয়ে বাল্য বিবাহ মুক্ত দিবস পালন

“যেখানেই বাল্য বিবাহ, সেখানেই প্রতিরোধ” প্রতিপাদ্য নিয়ে মেহেরপুর জেলা বাল্য বিবাহ মুক্ত দিবসের বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে সদর উপেজলার কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয় ও ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকোল কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইসরাইল হোসেন এর নেতৃত্বে সহকারি শিক্ষক ও প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীদের সহযোগীতায় মেহেরপুর জেলা বাল্য বিবাহ মুক্ত দিবসের বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয় থেকে শুরু হয়ে কামদেবপুর, কালাচাঁদপুরের প্রধান প্রধান সড়ক পথ প্রদক্ষিণ করে আবার উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে গিয়ে শেষে হয়।
আলোচনা সভায় বক্তব্য দেন প্রধান শিক্ষক মোঃ ইসরাইল হোসেন সহকারি প্রধান শিক্ষক শেরফুল ইসলাম, সহকারী শিক্ষক- তমজিদা পারভীন, নাসির উদ্দিন, আক্কাস আলী, রুহুল আমীন, আব্দুল মান্নান, ফুরকান আলী, জহিরুল ইসলাম, মিরাজুল ইসলাম, মনিরুল ইসলাম, রশিদুল ইসলাম প্রমুখ।

অপর দিকে, ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রধান শিক্ষক নাজমা সালেহীন এর নেতৃত্বে মেহেরপুর জেলা বাল্য বিবাহ মুক্ত দিবসের বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে শুরু হয়ে উজলপুর, কালাচাঁদপুর, কামদেবপুর, ফতেপুরের প্রধান প্রধান সড়ক পথ প্রদক্ষিণ করে আবার একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে আলোচনা সভায় প্রধান শিক্ষক নাজমা সালেহীন , সহকারী শিক্ষক-দিলারা পারভীন, মোঃ ইয়ারুল ইসলাম, মোঃ হাবিবুর রহমান, মোঃ নাদিমুল হক, মোঃ নাহারুল ইসলাম, মোঃ বাবুল হোসেন, শরিফা ইয়াসমিন, মোঃ আসাদুল ইসলাম, মোঃ রফিকুল ইসলাম প্রমুখ বক্তব্য

দেন।

উল্লেখ্য, ২০১৬ সালের ২৭ফেব্রুয়ারী জেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুরের সকল ধরনের পেশাজীবি, সমাজের সর্বস্তরের সাধারণ সচেতন জনগন, সুশীল সমাজের সমন্বয়ে মেহেরপুর জেলা ষ্টেডিয়ামে ব্যাপক আয়োজনে, বাংলাদেশের ৬৪জেলার প্রথম বাল্য বিবাহ মুক্ত মেহেরপুর জেলা হিসাবে ঘোষনা করেন সাবেক মন্ত্রী পরিষদ সচিব শফিউল আযম। সেই থেকে প্রতি বছরে এই দিবসটি উদযাপন হয়ে আসছে।

গাংনীতে মোটরসাইকেল ও আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে আহত-২

মেহেরপুরের গাংনী উপজেলার গোপালনগরে আলমসাধু ও মটর সাইকেল মুখামুখি সংঘর্ষে ২ জন আহত হওয়ার খবর পাওয়া গেছে।

বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে গাংনী-হাটবোয়ালিয়া সড়কের গোপালনগর ব্রিজের নিকট এ দূর্ঘটনা ঘটে বলে জানা যায়।

আহতরা হলেন আলমসাধু চালক এ উপজেলার আমতৈল গ্রামের নুরুল ইসলামের ছেলে পালান হোসেন (৪৫) ও মোটর সাইকেল চালক মেহেরপুর সদর উপজেলার বর্শিবাড়িয়া গ্রামের নুরে আলমের ছেলে হুসাইন কবীর(২৪)।

প্রত্যক্ষদর্শী সুত্রে জানা যায়, মোটরসাইকেল চালক হুসাইন কবির গাংনীর দিকে আসার সময় গোপালনগর ব্রিজের নিকট পৌছলে তার বিপরীত দিক থেকে আসা আলমসাধুর সাথে মুখোমুখি সংঘর্ষ হয় এতে দুজনেই মারাত্মক আহত হয়।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

মেপ্র/আরপি

প্রধানমন্ত্রীর দেওয়া মন্ত্রীত্ব আমার কাছে একটি আমানত- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি বলেছেন,বাংলাদেশের ভিতর যে জায়গাটি সবচেয়ে গুরুত্বপূর্ন জায়গা। সেই জায়গা পরিচালনা করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা আমাকে প্রতিমন্ত্রী করেছেন। আমাকে বিশ্বাস করে তিনি জনপ্রশাসন মন্ত্রালয়ের এই গুরুত্বপূর্ন দায়িত্ব দিয়েছেন।

আর মাননীয় প্রধানমন্ত্রীর দেওয়া মন্ত্রীত্ব আমার কাছে একটি আমানত। আমি আমার আমানত রক্ষার্থে, প্রধানমন্ত্রীর বিশ্বাস ধরে রাখতে ও মেহেরপুরের মুখ উজ্জল করার জন্য নিরলস ভাবে কাজ করে যাচ্ছি। আশা করি আপনাদের চাওয়া, ও মাননীয় প্রধানমন্ত্রীর বিশ্বাস আমি কখনো ক্ষুন্ন হতে দিবনা।

বৃহস্প্রতিবার বিকালে মুজিবনগরের বল্লভপুর খেলার মাঠে অনুষ্ঠিত বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে গনসংবর্ধনা ও সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসকল কথা বলেন ।

প্রতিমন্ত্রী বলেন,বাংলাদেশের ভিতর মেহেরপুরের এই ঐতিহাসিক মুজিবনগর একটি সম্মানজনক জায়গা। আর এই জায়গা উন্নয়নের জন্য আপনার জেলা থেকে একজন প্রতিমন্ত্রী দিয়েছে মাননীয় প্রধানমন্ত্রী।মুজিবনগরের জন্য ইতিমধ্যে অনেক পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। সেগুলোর কাজ সব আস্তে আস্তে করা হবে।
আগামী ২১ সালের মধ্যে বাংলাদেশ একটি মধ্যেমআয়ের দেশে পরিনিত হবে।

বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মজিবুর রহমান মধুর সভাপতিত্বে এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহিন, আইন বিষয়ক সম্পাদক অ্যাড. পল্লব ভট্টাচার্য, জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আয়ূব হোসেন।মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি

জিয়াউদ্দীন বিশ্বাস, সাধারন সম্পাদক আমাম হোসেন মিলু।

অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাদক নজরুল ইসলাম। এ সময় আওয়ামীলীগের বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে প্রতিমন্ত্রীকে ফুলের শুভেচ্ছা জানানো হয়।

পিইসিতে বৃত্তি প্রাপ্তিতে জিনিয়াস স্কুলের সাফল্য

মেহেরপুরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জিনিয়াস ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজে ২০১৯ সালের পিইসি পরীক্ষায় বৃত্তি প্রাপ্তীতে ব্যাপক সাফল্য পেয়েছে। একই স্কুল থেকে ৩০ জন শিক্ষার্থী বৃত্তি পেয়েছে। এর মধ্যে ট্যালেন্টপুলে ২৩ জন ও সাধারণ গ্রেডে ৭ জন।

গত বুধবার প্রকাশিত বৃত্তি ফলাফল থেকে জানা গেছে, সদর উপজেলায় মোট বৃত্তি পেয়েছে ১৪৩ জন শিক্ষার্থী। এর মধ্যে ট্যালেন্টপুলে ৫৬ জন ও সাধারণ গ্রেডে ৮৭ জন। উপজেলার পাঁচ ভাগের এক বৃত্তি দখলে রেখেছে প্রতিষ্ঠানটি।

বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা হলো, ট্যালেন্টপুলে- তাসরিফ-ই-এলাহী, মেজবাউর রহমান, রাফসান মাহমুদ, মুনতাসির হক রাফিদ, আনাস রহমান, ফারদিন এহসান, আবু ইয়ামিনুল কবির ইভান, নাফিস আবদুল্লাহ, ইনতিসার আহমেদ বর্ষন, শাহরীয়ার লাবিব, সিয়াম আল সাদিক, শাম্মি আকতার, জেসিয়া আলম, উষা ইসলাম, হুমাইরা ইয়াসমিন দিনা, মুবাশ্বিরা রহমান, মাসুমা মেহজাবিন, পায়েল খাতুন, আফসানা মিমি, সুরাইয়া ইয়াসমিন লামিয়া, দীপান্বিতা অধিকারী। সাধারণ গ্রেডে যারা বৃত্তি পেয়েছে তারা হলো- মাহিন শেখ, আবু সাইদ, নাফিজা তাবাসসুম রোজা, দিনাত জাহান অপি, তাজকিয়া সালেহ, ইসরাত জাহান ঔশী, সামিয়া তাসনীম।

সাফল্যের ধারাবাহিকতা অব্যাহত রাখার আশাবাদ ব্যাক্ত করে জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের উপাধাক্ষ্য সামসুর রহমান টুটুল জানান, প্রতি বছর আমাদের স্কুল জেলা চ্যাস্পীয়ন হয়। শুধু পিইসি

নয় সকল পাবলিক পরীক্ষায় আমাদের শিক্ষার্থীরা সাফল্যের উচ্চ শিখরে থাকে। আমরা আমাদের শিক্ষার্থীদের মানসম্মতভাবে গড়ে তোলার চেষ্টা করি। প্রতিষ্ঠানের সকল শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের সমন্বয় চেষ্টার ফসল এই প্রাপ্তি।

এ ব্যাপারে সদর উপজেলা শিক্ষা অফিসার আপিল উদ্দীন বলেন, জিনিয়াস স্কুলের সাফল্য চোখে পড়ার মত। তাদের জন্য শুভ কামনা। জিনিয়াস স্কুল আমাদেরই স্কুল। আমরা সার্বক্ষনিক তদারকি করি। এছাড়াও শহর ছাড়িয়ে গ্রামের স্কুল গুলোতেও পিইসি পরীক্ষায় বৃত্তি প্রাপ্তিতে বেশ সাফল্য আছে। এর মধ্যে শোলমারী সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকেও ১০ জন বৃত্তি পেয়েছে।

মেপ্র/ইএম

বর্তমানে মাথাপিছু আয় ২হাজার মার্কিন ডলার- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি বলেছেন, তরুণদের কাজে লাগাতে হবে, নিজের পায়ে দাড়তে হবে। ইতিমধ্যে দেশ এখন নিম্মমধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে। বর্তমানে আমাদের মাথাপিছু আয় ২ হাজার মার্কিন ডলার।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসনের কার্যালয় চত্বরে আঞ্চলিক এসএমই পণ্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

প্রতিমন্ত্রী আরো বলেন, শেখ হাসিনার নেতৃত্বে আগামি ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিণত হবে। ২০৩০ সালের মধ্যে সমৃদ্ধির বাংলাদেশের দিকে এগিয়ে যাচ্ছে। ২০৪১ সালে বাংলাদেশ উন্নত দেশগুলোর কাতারের উন্নিত হবে।

জেলা প্রশাসক মো: আতাউল গনির সভাপতিত্বে অনুষ্টানে বিশেষ অতিথি

হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এস এম মুরাদ আলী, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ সরদার শফিউল আলম. মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর জেলা শিল্প ও বণিক সমিতির সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল।

মেলায় বিভিন্ন উদ্যোক্তা তাদের উৎপাদিত পণ্যর সমাহার নিয়ে স্টল সাজিয়েছেন।

খালেদা জিয়ার জামিন আবারো নাকচ করলো হাইকোর্ট

জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় দণ্ডিত হয়ে কারাগারে আটক বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার জামিন আবেদন খারিজ করে দিয়েছে আদালত। অর্থাৎ এ দফাতেও জামিন পেলেন না খালেদা।

বৃহস্পতিবার বেলা ১১টার দিকে আদালতে মামলার শুনানি শুরু হয়। সে সময়ে হাইকোর্টের আদেশ অনুযায়ী খালেদা জিয়ার সর্বশেষ স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন আদালতে দাখিল করা হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) থেকে পাঠানো তার চিকিৎসা সংক্রান্ত প্রতিবেদনে জানানো হয় যে, খালেদা জিয়া বিএসএমএমইউ হাসপাতালে উন্নত চিকিৎসার জন্য সম্মতি দেননি।

এরপর খালেদা জিয়ার আইনজীবীরা বিশেষায়িত হাসপাতালে তার উন্নত চিকিৎসার জন্য হাইকোর্টে আবেদন জানান।

কিন্তু আদালত তার স্বাস্থ্য রিপোর্ট পড়ে সেই আবেদন খারিজ করে দেন।

রিপোর্টে, খালেদা জিয়ার ডায়াবেটিস, শ্বাসকষ্টজনিত সমস্যা ও রক্তচাপ নিয়ন্ত্রণে আছে উল্লেখ রয়েছে বলে জানা গেছে।

তবে বিএসএমএমইউ-তে উন্নত চিকিৎসা সম্ভব উল্লেখ করে আদালত নির্দেশ দিয়েছে যেন খালেদা জিয়ার সম্মতির ভিত্তিতে দ্রুত তার চিকিৎসা

শুরু করা হয়।

বৃহস্পতিবার বিচারপতি ওবায়দুল হাসান ও বিচারপতি এ কে এম জহিরুল হকের হাইকোর্ট বেঞ্চে প্রতিবেদনটি দাখিল করেন সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল মো. আলী আকবর।

এর আগে গত রোববার উন্নত চিকিৎসার জন্য খালেদা জিয়া সম্মতি দিয়েছেন কিনা, সম্মতি দিলে চিকিৎসা শুরু হয়েছে কিনা এবং চিকিৎসা শুরু হলে কী অবস্থা তা জানাতে বিএসএমএমইউ এর উপাচার্যকে নির্দেশ দিয়েছিলেন হাইকোর্ট।

মেপ্র/আরপি

কার গাছ কে কাটে!

গাংনীর করমদিতে লক্ষাধিক টাকার সরকারি গাছ কাটছেন বিপ্লব হোসেন নামের এক মাদ্রাসা শিক্ষক। রাস্তার দু’পাশে ১৪ টি বড় আমের গাছ তার নিজের দাবি করে কাটলেও স্থানীয়দের অভিযোগ গাছগুলি সরকারি। গাছ রক্ষায় স্থানীয় প্রশানের হস্তক্ষেপ কামনা। তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের কথা জানালেন স্থানীয় প্রশাসন।

জানাগেছে,মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের করমদি পশ্চিমপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের সহড়াতলা বিজিবি ক্যাম্প যাতায়াতের রাস্তার ১৪ টি আম গাছ রয়েছে। যার মূল্য প্রায় লক্ষাধিক টাকা। গাছগুলি করমদি গ্রামের মৃত মোফাজ্জেল হোসেনের ছেলে ও করমদি দারুচ্ছুন্নাহ নেছারিয়া দাখিল মাদ্রাসার কম্পিউটার বিভাগের শিক্ষক বিপ্লব হোসেন নিজের দাবি করে গাছ কাটা শুরু করেছেন। ইতোমধ্যে ৭ টি গাছ কাটা হয়েছে বাকি গাছ কাটা অব্যাহত রয়েছে।

স্থানীয়দের অভিযোগের ভিত্তিতে বুধবার বিকালে সরেজমিনে গিয়ে গাছ কাটা শ্রমিকদের সাথে আলাপকালে দুঃখি মিয়া নামের এক ব্যক্তি জানায় তিনি বিপ্লবের শ্রমিক হিসেবে কয়েকদিন ধরে গাছ কাটছেন। ৭ টি গাছ কাটা শেষ বাকিগুলি কাটা হবে। এর বেশি আর কিছুই জানেন না। নাম

প্রকাশ না করার শর্তে স্থানীয়রা জানায়, বিপ্লব হোসেন জেলা পরিষদের সদস্য মোহাম্মদ আলীর ভাতিজা ও এলাকার প্রভাবশালী হওয়ায় কেউ মুখ খুলছেনা। তবে গাছগুলি কাটতে হলে সংশ্লিষ্ট স্থানীয় প্রশাসনের অনুমতি নিয়ে কাটা উচিৎ বলে মনে করেন অনেকে। বিপ্লব হোসেনকে গাছ কাটার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন,গাছগুলি সরকারি নয়। আমার ব্যক্তিমালিকানা জমিতে লাগানো হয়েছে।

এব্যাপারে জেলা পরিষদের সদস্য মোহাম্মদ আলী জানান, বিপ্লব হোসেন আমার ভাতিজা। আমার জানামতে বিপ্লব তার মালিকানা জমিতে গাছ কাটছে। তবে দু’একটি গাছ রাস্তার জমির মধ্যে পড়তে পারে বলে ধারনা করা হচ্ছে। তেতুলবাড়িয়া ইউনিয়ন উপ-সহকারি (ভুমি) কর্মকর্তা আব্দুৃল হালিম বলেন, আমি ঘটনা স্থলে গিয়েছিলাম। গাছ কাটা বন্ধ করে দিয়েছি এবং কাটা গাছ গুলি অপসারন না করা হয় সে বিষয়ে বিপ্লব ও তার লোক জনকে বলা হয়েছে। এবং উপজেলা ভুমি কর্মকর্তার কার্যালয়ে দেখা করতে বলা হয়েছে।

উপজেলা সহকারী কমিশনার (ভ’মি) মোহাম্মদ ইয়ানুর রহমান জানান, তিনি বিষয়টি সরেজমিনে তদন্ত করার জন্য তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন উপসহকারি ভ’মি কর্মকর্তা আঃ হালিমকে পাঠালে তিনি সরকারি গাছ কাটার বিষয়টির প্রাথমিক সত্যতা পান বলে জানিয়েছেন। তবে সার্ভিয়ার দিয়ে জরিপের মাধ্যমে নিশ্চিত হওয়া যাবে।
উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, বিষয়টি তদন্তের জন্য নির্দেশ দেয়া হয়েছে উপজেলা ভুমি কর্মকর্তাকে। সরকারি গাছ হলে অব্যশই জড়িতদের বিরুদ্ধে ব্যাবস্থা গ্রহন করা হবে।

ঝিনাইদহে করোনা ভাইরাস প্রতিরোধ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

ঝিনাইদহে করোনা ভাইরাস প্রতিরোধ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার রাতে শহরের একটি রেস্টুরেন্টে ইনসেপ্টা কোম্পানীর প্যান্টোনিক্সের সহযোগিতায় এ বিজ্ঞান বিষয়ক সেমিনারের আয়োজন

করে বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ) জেলা শাখা।

বিএমএ জেলা শাখার সভাপতি ডা: এবিএম সিদ্দিকুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা: সেলিনা বেগম। স্বাগত বক্তব্য রাখেন বিএমএ জেলা শাখার সাধারণ সম্পাদক ডা: রাশেদ আল মামুন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএমএ জেলা শাখার সহ-সভাপতি ডা: নুরুন নবী, সাবেক সাধারণ সম্পাদক ডা: দুলাল কুমার চক্রবর্তী, সহ-সভাপতি ডা: মুন্সী রেজা সেকেন্দার, সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা: আইয়ুব আলী।

এছাড়াও উপস্থিত ছিলেন, ইনসেপ্টা গ্রুপের ডেপুটি সেলস ম্যানেজার আবুল হোসেন, রিজিওনাল সেলস ম্যানেজার মতিয়ার রহমান, এরিয়া ম্যানেজার আলমগীর হোসেন, এম এন নুরুল ইসলাম, শফিকুল ইসলাম গনেশ কুমার দাস প্রমুখ।

পরে করোনা ভাইরাস প্রতিরোধে বিভিন্ন চিকিৎসকদের করনীয় বিষয়ে আলোচনা ও বিভিন্ন গবেষনা তুলে ধরে একাধিক চিকিৎসক। অনুষ্ঠান পরিচালনা করেন সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা: প্রসেনজিৎ বিশ্বাস পার্থ।

সেমিনারে ঝিনাইদহে কর্মকর্তা ১’শ ৫৫ জন চিকিৎসক অংশগ্রহণ করেন। পরে জেলা পদায়নকৃত ৩৭ ও ৩৯ তম বিসিএস’এ নিয়োগ প্রাপ্ত ৮৭ জন চিকিৎসককে সংবর্ধনা দেওয়া হয়।

ঝিনাইদহে বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির খুলনা বিভাগীয় কমিটি গঠন ও আলোচনা সভা

ঝিনাইদহে বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির আয়োজনে খুলনা বিভাগীয় কমিটি গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দিনব্যাপী ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এ আয়োজন

করা হয়। এতে বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সিনিয়র যুগ্ম মহা-সচিব মোঃ আব্দুস সামাদ শফি এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান এ্যাডঃ আব্দুর রশীদ। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন

বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির উপদেষ্টা আবু সালেহ মোহাম্মদ তাজিমূল ইসলাম শামীম। অনুষ্ঠানের উদ্বোধন করেন বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সাবেক সহ-সভাপতি প্রভাত রঞ্জন বিশ্বাস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির প্রধান উপদেষ্টা হুমায়ন কবীর পন্ডিত, শেখ শামীম কামাল, মোঃ শাহ আলমসহ অন্যান্যরা। অনুষ্ঠান পরিচালনা করেন বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির প্রচার সম্পাদক বাবুল আখতার। এতে খুলনা বিভাগের বিভিন্ন জেলা থেকে আগত শিক্ষক ও নেত্রবৃন্দ উপস্থিত ছিলেন।

দিনব্যাপী আলোচনা সভা শেষে খুলনা বিভাগীয় কমিটি গঠন করা হয়। এসময় বক্তারা সরকারের কাছে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের বিভিন্ন দাবি তুলে ধরেন।